

তারিখ: ২৮.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## ক্রিন বাংলাদেশ উদ্যোগে চট্টগ্রামে বিজয় দিবসের পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

বিজয় দিবস উপলক্ষে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানাতে এবং মুক্তিযুদ্ধের স্মৃতিকে শ্রদ্ধাভরে ধারণের লক্ষ্য নিয়ে চট্টগ্রামের ঐতিহাসিক সি আর বি এলাকায় অবস্থিত শহীদ আব্দুল হাসিমের কবর পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচি আয়োজন করে “ক্রিন বাংলাদেশ”। শুক্রবার সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচির উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আশরাফুল আমিন। উদ্বোধনী বক্তব্যে মোহাম্মদ আশরাফুল আমিন বলেন, “বিজয় দিবস কেবল একটি তারিখ নয়, এটি আমাদের জাতির আত্মমর্যাদা ও সংগ্রামের প্রতীক। শহীদদের স্মৃতিকে সম্মান জানাতে তাদের সমাধিস্থলকে পরিচ্ছন্ন রাখা একটি মহৎ উদ্যোগ। ‘ক্রিন বাংলাদেশ’ যে স্বপ্নোদিত হয়ে এই উদ্যোগ গ্রহণ করেছে—তা নিঃসন্দেহে প্রশংসনীয়। তরুণ প্রজন্ম এভাবে ইতিহাসকে ধারণ করে দায়িত্ববোধের পরিচয় দিলে দেশ আরও এগিয়ে যাবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বদা এমন সামাজিক ও মানবিক কার্যক্রমের পাশে ছিল এবং থাকবে।” ক্রিন বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও সভাপতি শওকত হোসেন জনি বলেন, “শহীদ আব্দুল হাসিমের কবর শুধু একটি সমাধিস্থল নয়—এটি আমাদের মুক্তিযুদ্ধের ইতিহাসের পবিত্র স্মারক। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা রেখে এবং এই স্থানটির মর্যাদা অক্ষুণ্ণ রাখতে আমাদের এই পরিচ্ছন্নতা কার্যক্রম।” তরুণ প্রজন্মের মাঝে দেশপ্রেম ও ইতিহাস সচেতনতা বৃদ্ধি লক্ষ্যে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বস্তু উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন জয়, ইমন শরিফ, তানজিফা, রনি, আজম, রাকিব, মমতাজ, মিম, সাজিদ, শান্তা, মিম, ফারিয়া, নাদিয়া, রুপা, শাহনাজ, মহোয়া, ইসরাত, সুমাইয়া প্রমুখ। পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালনা করেন ক্রিন বাংলাদেশ সংগঠন এর সাধারণ সম্পাদক মেজবাহ উল হক ইমন। কর্মসূচির মাঝে স্লোগান হিসেবে উচ্চারিত হয়—



“লাখো শহীদে অর্জিত দেশ, গড়বো মোরা ক্রিন বাংলাদেশ।”

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮